

তারিখ: 14/12/2016

**আবিআই মুম্বই, মহারাষ্ট্র স্থিত সনমিত্র সহকারী ব্যাঙ্ক মর্যাদিত -এর উদ্দেশ্যে জারিকৃত বিশেষ নিয়ন্ত্রণবিধির
মেয়াদবৃদ্ধি করল**

মুম্বই, মহারাষ্ট্র স্থিত সনমিত্র সহকারী ব্যাঙ্ক মর্যাদিত -কে জুন 14, 2016 তারিখাঙ্কিত দ্রষ্টব্য আদেশবিধির মাধ্যমে জুন 14, 2016 তারিখ কাজের শেষ থেকে ছয় মাস মেয়াদের জন্য বিশেষ নিয়ন্ত্রণবিধির অধীনে আনা হয়েছিল। আমাদের ডিসেম্বর 07, 2016 তারিখাঙ্কিত দ্রষ্টব্য পরিমার্জিত আদেশবিধির মাধ্যমে পর্যালোচনার সাপেক্ষে উক্ত বিশেষ নিয়ন্ত্রণবিধির বৈধতা ডিসেম্বর 15, 2016 থেকে জুন 14, 2017 পর্যন্ত আরও ছয় মাস মেয়াদের জন্য বাড়ানো হল। উল্লেখিত আদেশবিধির অন্যান্য বিধি ও শর্তাবলী অপরিবর্তিত রইল। ডিসেম্বর 07, 2016 তারিখাঙ্কিত উক্ত আদেশবিধি যেখানে উপরোক্ত পরিমার্জন ঘোষণা করা হয়েছে সেটির প্রতিলিপি জনগণের নজরে আনার জন্য ব্যাঙ্ক চত্বরে প্রদর্শিত আছে।

ভারতীয় রিজার্ভ ব্যাঙ্ক কর্তৃক উপরোক্ত পরিমার্জনের অর্থ এই নয় যে ভারতীয় রিজার্ভ ব্যাঙ্ক প্রাপ্ত ব্যাঙ্কটির আর্থিক অবস্থার বাস্তবিক উন্নতি সম্পর্কে সন্তুষ্ট।

প্রেস প্রকাশনী: 2016-2017/1523

অজিত প্রসাদ
সহায়ক উপদেষ্টা